গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
বিরল,দিনাজপুর

স্মারক নং-৩৪.০১.২৭১৭.০০০.৩৮.০৬.১৯-২১২ তারিখ: ১০/১২/২০২৩ খ্রি:

বিষয়: উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলার 'যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি'র এক সভা আগামী ১১/১২/২০২৩ খ্রি: তারিখ বেলা ১০.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রাপক: ০১। চেয়ারম্যান ১নং ইউপি, ২নং ইউপি ও ৪নং ইউপি।

০২। মহিলা সদস্য (সংরক্ষিত), ৩নং ওয়ার্ড ৫নং পলাশবাড়ী ইউপি।

(মোছা: নাসরিন জাহান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বিরল, দিনাজপুর

স্মারক নং-৩৪.০১.২৭১৭.০০০.৩৮.০৬.১৯-২১২ তারিখ: ১০/১২/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।
৪। অফিস নথি।

১০/১২/২০২৩

(মোছা: নাসরিন জাহান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বিরল, দিনাজপুর

## দিনাজপুর জেলাধীন বিরল উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২৩ খ্রি: মাসের যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মাহামুদুল হাসান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

তারিখ: ১১/১২/২০২৩ খ্রি:।

সময়: সকাল ১০.৩০ ঘটিকা।

আলোচ্য সূচীঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২। যুব প্রশিক্ষণ ও যুবঋণ

৩। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সদস্য সচিব গত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করলে সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অত:পর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

যুব প্রশিক্ষণ: সভায় সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব খাতের আওতায় ১৪ টি ব্যাচের মধ্যে ৬টি ব্যাচে ১৮০ জন যুব ও যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তিনি প্রশিক্ষণ কোর্সসমূহ সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে সহযোগিতা করার জন্য সভাপতিসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। সদস্য সচিব জানান, ৪০(চল্লিশ) জন যুব ও যুব মহিলাকে সমন্বিত পারিবারিক খামার স্থাপন ও সমপ্রসারন এবং বায়োগ্যাস প্রযুক্তি বিষয়ক ০৫ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় বায়োগ্যাস প্রযুক্তি স্থাপনে আগ্রহীদের সার্বিকভাবে সহযোগিতা করা হবে। তিনি আরো জানান, শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ডের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। আগামী ১৫ জানুয়ারী ২০২৪ পর্যন্ত মোট ০৫(পাঁচ) টি ক্যাটাগরিতে পুরস্কারের জন্য আবেদন করা যাবে। আবেদনপত্র যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। তিনি জানান, বিষয়টি উপজেলার দপ্তর প্রধানগণ, ইউপি চেয়ারম্যান, সচিবসহ সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারকে অবহিত করা হয়েছে। সদস্য সচি আরো জানান, যুব উন্নয়ন অধিদপ্তর প্রতি বছরের ন্যায় এবারও নিবন্ধনকৃত বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠনসমূহকে কল্যাণ তহবিল থেকে অনুদান প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারী করেছে। সংগঠনসমূহকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অনলাইনে আগামী ১৫ জানুয়ারী ২০২৪ এর মধ্যে আবেদন করতে হবে। উপস্থিত সদস্যগণ বিষয়টি সকল যুব সংগঠনকে অবহিত করার অনুরোধ করেন।

যুবঋণ: সভায় সদস্য সচিব বলেন, ২০২৩-২৪ অর্থবছরে আত্মকর্মসংস্থান ও পরিবারভিত্তিক কর্মসূচীসহ ৯০ জন যুব ও যুবমহিলাকে ৩২,৮০,০০০/- টাকা যুবঋণ বিতরণের নির্ধারিত লক্ষমাত্রার মধ্যে এপর্যন্ত ৪১ জন যুব ও যুবনারীর মধ্যে ১৯,৩০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। তিনি ঋণ বিতরণ কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য সভাপতিসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। সদস্য সচিব আরো জানান, আসছে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপজেলা প্রশাসনের সাথে উদযাপনের এবং এবিষয়ে উপজেলা প্রশাসনকে সর্বোতভাবে সহযোগিতা করার জন্য দাপ্তরিক নির্দেশনা রয়েছে। এ বিষয়ে তিনি উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

সভাপতিসহ কমিটির সকলে আলোচনা পর্যালোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

০১। অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের অবশিষ্ট ব্যাচের প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত।

০২। মান বজায় রেখে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ সম্পন্ন করার সিদ্ধান্ত।

০৩। কল্যাণ অনুদানের আবেদনের জন্য নিবন্ধনকৃত যুব সংগঠনসমূহে অবহিত করার সিদ্ধান্ত।

০৪। আসছে ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস উপজেলা প্রশাসনের সাথে উদযাপনের এবং এবিষয়ে উপজেলা প্রশাসনকে সর্বোতভাবে সহযোগিতা করার সিদ্ধান্ত।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বা:
(মোঃ মাহামুদুল হাসান)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর ও
সভাপতি
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
বিরল, দিনাজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
বিরল,দিনাজপুর

স্মারক নং-৩৪.০১.২৭১৭.০০০.৩৮.০৬.১৯-২১৪ তারিখ: ১১/১২/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।
৪। অফিস নথি।

১১/১২/২০২৩
(মোছা: নাসরিন জাহান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বিরল, দিনাজপুর